



বাংলাদেশ শুল্ক কর্তৃপক্ষ
নৌপরিবহন মন্ত্রণালয়
শুল্কবন্দর ভবন, এফ-১৯/এ, আগারগাঁও, শেরেবাংলা
নগর, ঢাকা-১২০৭।
www.blpa.gov.bd



স্মারক নম্বর: ১৮.১৫.০০০০.০২০.১৮.০৪২.২৩.৯১৩

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ শুল্ক কর্তৃপক্ষে “অর্থনীতি, সুশাসন ও বন্দর ব্যবস্থাপনা” শীর্ষক লার্নিং সেশন/কর্মশালা।

আগামী ০৪ ডিসেম্বর, ২০২৪ তারিখ ০১ (এক) দিনব্যাপী বাংলাদেশ শুল্ক কর্তৃপক্ষের ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি’তে অন্তর্ভুক্ত ৯ম গ্রেড ও তদুর্ধ্ব কর্মকর্তাদের “অর্থনীতি, সুশাসন ও বন্দর ব্যবস্থাপনা” শীর্ষক লার্নিং সেশন/কর্মশালা কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত লার্নিং সেশন/কর্মশালায় এ কর্তৃপক্ষের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের ২০ (বিশ) জন কর্মকর্তা অংশগ্রহণ করবেন। বাংলাদেশ শুল্ক কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোহাম্মদ মানজারুল মান্নান, অতিরিক্ত সচিব মহোদয় লার্নিং সেশন/কর্মশালা উদ্বোধন ও মূল প্রবন্ধ উপস্থাপন করবেন। উক্ত লার্নিং সেশন/কর্মশালায় উপস্থিত থাকবেন সদস্য (অর্থ ও প্রশাসন) জনাব মোহাম্মদ মুসা, অতিরিক্ত সচিব এবং সদস্য (উন্নয়ন) জনাব তাহমিনা ইয়াসমিন, যুগ্মসচিব।

২। “অর্থনীতি, সুশাসন ও বন্দর ব্যবস্থাপনা” শীর্ষক লার্নিং সেশন/কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে উপস্থিত থাকবেন নৌপরিবহন মন্ত্রণালয়ের যুগ্মসচিব (বাস্থবক) জনাব মুন্সী মোঃ মনিরুজ্জামান এবং বাংলাদেশ শুল্ক কর্তৃপক্ষের চলমান একসেলেরেটিং ট্রান্সপোর্ট এন্ড ট্রেড কানেক্টিভিটি ইন ইন্টার সাউথ এশিয়া বাংলাদেশ ফেজ-১ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ রুহুল আমিন মিঞা (যুগ্মসচিব) ও পরিচালক (প্রশাসন) জনাব শহিদুল ইসলাম (উপসচিব) এবং লার্নিং সেশন/কর্মশালার সমাপনী বক্তব্য রাখবেন বাংলাদেশ শুল্ক কর্তৃপক্ষের সদস্য (উন্নয়ন) জনাব তাহমিনা ইয়াসমিন, যুগ্মসচিব।


৩। এ কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন) জনাব শহিদুল ইসলাম কোর্স সঞ্চালক এবং উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মশিউর রহমান কোর্সের রিপোর্টিয়ার এর দায়িত্ব পালন করবেন।

৪। জনাব মোঃ কবির হোসেন, অফিস সহায়ক এবং জনাব মোঃ জসীম উদ্দিন, অফিস সহায়ক উক্ত লার্নিং সেশন/কর্মশালায় সাপোর্ট স্টাফ হিসেবে কাজ করবেন।

৫। “অর্থনীতি, সুশাসন ও বন্দর ব্যবস্থাপনা” শীর্ষক লার্নিং সেশন/কর্মশালার সময়সূচি ও প্রশিক্ষণার্থীগণের তালিকা সংযুক্ত।

সকল সংযুক্তিসমূহ: ১। লার্নিং সেশন/কর্মশালার মডিউল।

২। লার্নিং সেশন/কর্মশালায় অংশগ্রহণকারীর তালিকা।



০৩-১২-২০২৪
শহিদুল ইসলাম
উপসচিব, পরিচালক (প্রশাসন)
directoradmin@blpa.gov.bd

।


স্মারক নম্বর:

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১। সদস্য (অর্থ ও প্রশাসন/উন্নয়ন/ট্রাফিক), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সিনিয়র সচিব এর দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয় [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৩। পরিচালক (ট্রাফিক/হিসাব/অডিট), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ।
- ৫। পরিচালক (বোর্ড), চলতি দায়িত্ব, বোর্ড শাখা, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, ঢাকা (বর্ণিত তারিখ ও সময়ে কর্তৃপক্ষের সম্মেলন কক্ষ প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। উপ-পরিচালক (ট্রাফিক/প্রশাসন/হিসাব ও নিরীক্ষা/নির্বাহী প্রকৌশলী), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
- ৭। একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৮। সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ [ওয়েবসাইটে (www.blpa.gov.bd) যথাযথভাবে প্রকাশের অনুরোধসহ]।
- ৯। জনাব,, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।




০৩-১২-২০২৪
শহিদুল ইসলাম
উপসচিব, পরিচালক (প্রশাসন)